# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৬. কখনো কোন অঘটন ঘটলে শয়তান ধ্বংস হোক এমন বলা

আবুল্-মালী'হ্ (রাহিমাহুল্লাহ্) জনৈক সাহাবী থেকে বর্ণনা করেন তিনি বলেনঃ আমি একদা নবী (সা.) পিছনে একই উটে আরোহণ করছিলাম। এমতাবস্থায় একটি উট পা পিছলে পড়ে গেলো। তখন আমি বললাম: শয়তান ধ্বংস হোক। নবী (সা.) বললেন:

لاَ تَقُلْ : تَعِسَ الشَّيْطَانُ ! فَإِنَّكَ إِذَا قُلْتَ ذَلِكَ ؛ تَعَاظَمَ حَتَّى يَكُوْنَ مِثْلَ الْبَيْتِ ، وَيَقُوْلُ : بِقُوَّتِيْ ، وَلَكِنْ قُلْ : بِسْمِ اللهِ ؛ فَإِنَّكَ إِذَا قُلْتَ ذَلِكَ ؛ تَصَاغَرَ حَتَّى يَكُوْنَ مِثْلَ الذُّبَابِ

“শয়তান ধ্বংস হোক এমন কথা বলো না। কারণ, সে এমন কথা বললে ফুলতে শুরু করে। এমনকি ফুলতে ফুলতে সে একদা ঘরের মতো হয়ে যায় এবং সে বলে: আমি নিজ ক্ষমতা বলেই এমন করেছি। বরং তুমি বলবেঃ ’’বিস্মিল্লাহ্’’। কারণ, এমন বললে সে চুপসে যায়। এমনকি চুপসে চুপসে সে একদা মাছির মতো হয়ে যায়’’।[1]

>

ফুটনোট

[1] (আহমাদ্, হাদীস ১৯৭৮২ আবু দাউদ, হাদীস ৪৯৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11356

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন